



## ভর্তি

# সরকারি মেডিকেল উত্তীর্ণদের ভর্তি ২৪ ফেব্রুয়ারির মধ্য

নিজস্ব প্রতিবেদক ঢাকা

প্রথম আলো ফাইল ছবি

By using this site, you agree to our Privacy Policy. OK

এমবিবিএস (২০২৩-২৪ শিক্ষাবর্ষ) ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীদের সরকারি মেডিকেল কলেজগুলোয় ভর্তি শেষ করতে হবে ২৪ ফেব্রুয়ারি অফিস সময়ের মধ্য। ১৮ ফেব্রুয়ারি ভর্তিছু শিক্ষার্থীদের ভর্তি প্রক্রিয়া শুরু হয়। সরকারি মেডিকেল কলেজে আসন মোট ৫ হাজার ৩৮০টি।

১১ ফেব্রুয়ারি ২০২৩-২৪ শিক্ষাবর্ষের এমবিবিএস ভর্তি পরীক্ষার ফল প্রকাশ করেন স্বাস্থ্যমন্ত্রী সামন্ত লাল সেন। এ বছর এমবিবিএস ভর্তি পরীক্ষায় পাস করেছেন ৪৯ হাজার ৯২৩ শিক্ষার্থী। পাসের হার ৪৭ দশমিক ৮৩ শতাংশ। ভর্তি পরীক্ষায় ছেলেদের পাসের হার ৪০ দশমিক ৯৮ শতাংশ (২০ হাজার ৪৫৭) এবং মেয়েদের পাসের হার ৫৯ দশমিক শূন্য ২ শতাংশ (২৯ হাজার ৪৬৬)। মেডিকলে সুযোগপ্রাপ্ত শিক্ষার্থীদের মধ্যে মেয়েরা এগিয়ে। সরকারি মেডিকেল কলেজে সুযোগপ্রাপ্ত মেয়েদের সংখ্যা ৩ হাজার ৬৮ (৫৬ দশমিক ৫৪ শতাংশ)। ছেলেদের সংখ্যা ২ হাজার ৩১২ (৪৩ দশমিক ২৬ শতাংশ)।

মেধা কোটার ৫ হাজার ৭২টি আসনের মধ্যে পুরুষ প্রার্থীর সংখ্যা ২ হাজার ১৯৪ (৪৩ দশমিক ২৬ শতাংশ) এবং মহিলা প্রার্থীর সংখ্যা ২ হাজার ৮৭৮ (৫৬ দশমিক ৭৪ শতাংশ)। মুক্তিযোদ্ধা কোটায় মোট আসনসংখ্যার ৫শতাংশ হিসাবে ২৬৯ শিক্ষার্থী এবং ক্ষুদ্র জাতিগোষ্ঠীর জন্য সংরক্ষিত কোটায় ৩৯ শিক্ষার্থী নির্বাচিত হয়েছেন।

সরকারি আসনের মধ্যে ছাত্রের সংখ্যা ২ হাজার ৩১২ (৪৩ শতাংশ) এবং ছাত্রীর সংখ্যা ৩ হাজার ৬৮ (৫৭ শতাংশ)। ভর্তি পরীক্ষায় সর্বোচ্চ ৯২ দশমিক ৫ নম্বর পেয়েছেন তানজিম মুনতাকা সর্বা। মেধা কোটার ৫ হাজার ৭২টি আসনের মধ্যে ছাত্রের সংখ্যা ২ হাজার ১৯৪ (৪৩ দশমিক ২৬ শতাংশ) এবং ছাত্রীর সংখ্যা ২ হাজার ৮৭৮ (৫৬ দশমিক ৭৪ শতাংশ)। মুক্তিযোদ্ধা কোটায় মোট আসনসংখ্যার ৫শতাংশ হিসাবে ২৬৯ শিক্ষার্থী এবং ক্ষুদ্র জাতিগোষ্ঠীর জন্য সংরক্ষিত কোটায় ৩৯ শিক্ষার্থী নির্বাচিত হয়েছেন।



প্রথম আলোর খবর পেতে গুগল নিউজ চ্যানেল ফলো করুন



 prothomalo.com